কুষ্টিয়ায় মহাসড়কে ট্রাক থামিয়ে ডাকাতি, আহত ৩

কুষ্টিয়ার ইবি থানার শান্তিডাঙ্গা এলাকায় চলন্ত পিকআপ চালকের চোখে মুখে মরিচের গুড়া ছিটিয়ে পাঁচটি গরু ডাকাতির ঘটনা ঘটেছে।

গতকাল শনিবার দিবাগত রাত সাড়ে দশটার দিকে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কে ইসলামী বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় ডাকাতির এ ঘটনা ঘটে।

ডাকাতদের বেধড়ক মারপিটে বাবা ছেলেসহ ৩ জন আহত হয়েছে। তাদেরকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন, নওগাঁ জেলার ধামইরহাট থানার চানকুড়ি এলাকার আব্দুর রহিম (৫৫), তার ছেলে রেজওয়ান (২৩) ও পিকআপ চালক মুকুল হোসেন (৪০)।

আহতরা ও স্থানীয় সূত্রে জানা গেছে, আব্দুর রহিম ও তার ছেলে রেজওয়ান গরু ব্যবসায়ী। তারা শনিবার জয়পুরহাটে গরু বিক্রি করেন। গরু ক্রেতার বাড়ি যশোরে। গরুগুলো যশোরে পৌঁছে দিতে একটি পিকআপ ভ্যানে করে রওনা দেন তারা।

কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের শান্তিডাঙ্গা এলাকায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের আগে কয়েকজন ব্যক্তি পিকআপের চালককে লক্ষ্য করে মরিচের গুড়া ছুড়ে মারে। এতে চালক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থেমে যান। এর পরপরই ৮-৯ জনের সংঘবদ্ধ ডাকাত তাদের মারপিট করে এবং অস্ত্রের মুখে জিম্মি করে পিকআপ ভ্যান থেকে গরুগুলো নামিয়ে তাদের ট্রাকে তুলে ঘটনাস্থল থেকে দ্রুত চলে যায়। পিকআপে ৫টি গরু ছিল যার দাম প্রায় সাড়ে ৩ লাখ টাকা।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রেজওয়ান বলেন, আহত অবস্থায় তারা সড়কে পড়ে ছিলেন। খবর পেয়ে স্থানীয়রা তাদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় ইসলামী বিশ্ববিদ্যালয় থানায় একটি অভিযোগ দায়ের হয়েছে।